Annual Report 1998

বার্ষিক প্রতিবেদন

১৯৯৮

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ

العرفة اسلامى بنك لميتيد

AL-ARAFAH ISLAMI BANK LTD.

শরীয়াহ্ ও আধুনিক ব্যাংকিং এর অনন্য সমন্বয়

বার্ষিক প্রতিবেদন
১৯৯৮

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

العرفة اسلامى بنك لميتيد

AL-ARAFAH ISLAMI BANK LIMITED

শরীয়াহ্ ও আধুনিক ব্যাংকিং এর অনন্য সমন্বয়

সুদ সম্পর্কিত পবিত্র কুরআনের আয়াত

بسم الله الرحمن الرحيم

اَلَّذِيْنَ يَأْكُلُوْنَ الرِّبٰوا لاَ يَقُوْمُوْنَ اِلاَّ كَمَا يَقُوْمُ الَّذِىْ يَتَخَبَّطُهُ الشَّيْطَانُ مِنَ الْمَسِّ. ذٰلِكَ بِاَنَّهُمْ قَالُوْا اِنَّمَا الْبَيْعُ مِثْلُ الرِّبٰوا وَ اَحَلَّ اللّٰهُ الْبَيْعَ وَ حَرَّمَ الرِّبٰوا فَمَنْ جَاءَهٗ مَوْعِظَةٌ مِّنْ رَّبِّهٖ فَانْتَهٰى فَلَهٗ مَا سَلَفَ. وَ اَمْرُهٗ اِلَى اللّٰهِ. وَ مَنْ عَادَ فَاُولٰئِكَ اَصْحٰبُ النَّارِ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ. (٢<٥)

কিন্তু যারা সুদ খায়, তাদের অবস্থা দাঁড়ায় সেই ব্যক্তির মতো যাকে শয়তান তার স্পর্শ দ্বারা পাগল ও সুস্থ-জ্ঞানশূন্য করে দিয়েছে। তাদের অবস্থা এরূপ হওয়ার কারণ, তারা বলে ঃ ব্যবসা তো সুদের মতোই জিনিস অথচ আল্লাহ ব্যবসাকে হালাল করেছেন আর সুদকে করেছেন হারাম। কাজেই যে ব্যক্তির নিকট তার আল্লাহর তরফ থেকে এই উপদেশ পৌঁছবে এবং ভবিষ্যতে এই সুদখোরী হতে বিরত থাকবে— সে আগে যা কিছু খেয়েছে তা তো খেয়েছেই, সে ব্যাপারটি সম্পূর্ণরূপে আল্লাহরই উপর সোপর্দ। আর যারা নির্দেশ পাওয়ার পরও এর পুনরাবৃত্তি করবে তারা নিশ্চিতরূপে জাহান্নামী, সেখানে তারা চিরকাল থাকবে। (২ ঃ ২৭৫)

يَمْحَقُ اللّٰهُ الرِّبٰوا وَ يُرْبِي الصَّدَقٰتِ. وَ اللّٰهُ لاَ يُحِبُّ كُلَّ كَفَّارٍ اَثِيْمٍ. (٢< ٦)

আল্লাহ্ সুদকে নির্মূল করে দেন এবং দান-খয়রাতকে ক্রমবৃদ্ধি দান করেন। এবং কোনো অকৃতজ্ঞ ও পাপী মানুষকে মাত্রই পছন্দ করেন না। (২ ঃ ২৭৬)

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَ ذَرُوْا مَا بَقِىَ مِنَ الرِّبٰٓوا اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ. (٢< ٨)

হে ঈমানদারগণ! আল্লাহ্কে ভয় করো, আর তোমাদের যে সুদ লোকদের নিকট পাওনা রয়েছে, তা ছেড়ে দাও, যদি বাস্তবিকই তোমরা ঈমান এনে থাকো। (২ ঃ ২৭৮)

فَاِنْ لَّمْ تَفْعَلُوْا فَاْذَنُوْا بِحَرْبٍ مِّنَ اللّٰهِ وَ رَسُوْلِهٖ. وَ اِنْ تُبْتُمْ فَلَكُمْ رُءُوْسُ اَمْوَالِكُمْ. لاَ تَظْلِمُوْنَ وَ لاَ تُظْلَمُوْنَ- (٢< ٩)

কিন্তু তোমরা যদি এরূপ না করো তবে জেনে রাখো যে, আল্লাহ্ এবং রসূলের পক্ষ থেকে তোমাদের বিরুদ্ধে যুদ্ধের ঘোষনা রয়েছে। এখনো যদি তওবা করো (এবং সুদ পরিত্যাগ করো) তবে তোমরা মূলধন ফিরিয়ে নেয়ার অধিকারী হবে। না তোমরা জুলুম করবে, না তোমাদের প্রতি জুলুম করা হবে। (২ ঃ ২৭৯)

সুদ সম্পর্কে মহানবী (সাঃ) এর বাণী

১। সাহাবী আব্দুল্লাহ্ ইবনে মাসউদ (রাঃ) বর্ণনা করেছেন- 'রাসূলুল্লাহ্ (সাঃ) সুদদাতা ও সুদগ্রহীতা উভয়ের উপর অভিশাপ (লানত) দিয়েছেন।' *-মুসলিম, আবু দাউদ, তিরমিযি, ইবনে মাজাহ*

২। সাহাবী জাবির বিন আব্দুল্লাহ (রাঃ) বর্ণনা করেছেন- 'রাসূলুল্লাহ্ (সাঃ) সুদদাতা, সুদগ্রহীতা, সুদের চুক্তিপত্রের লিখক ও সাক্ষী সকলের উপর অভিশাপ (লানত) দিয়েছেন এবং বলেছেন, তারা সকলে সমান অপরাধী।' *-মুসলিম*

সাহাবী আবদুল্লাহ্ ইবনে মাসউদ (রাঃ) হতে একইরূপ হাদীস বর্ণিত হয়েছে। *-মুসনাদে আহমাদ বিন হাম্বল*

৩। সাহাবী আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেছেন- 'রাসূলুল্লাহ্ (সাঃ) বলেছেন, তোমরা সাতটি নিশ্চিত ধ্বংসকারী বিষয় থেকে আত্মরক্ষা করবে। তার মধ্যে তৃতীয়টি হলো সুদ।' *-বুখারী, মুসলিম, আবু দাউদ, নাসায়ী*

৪। সাহাবী আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেছেন- 'রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, কবিরা গুনাহ্ সাত প্রকার। তার মধ্যে তৃতীয়টি হলো সুদ।' *- মাসনাদে বাজ্জারে*

৫। হযরত আওন বিন আবি জুহাইয়ফা (রাঃ) বর্ণনা করেছেন- 'রাসুলুল্লাহ্ (সাঃ) সুদখোর ও সুদ প্রদানকারীর উপর লানত দিয়েছেন।' *- বুখারী, আবু দাউদ*

৬। সাহাবী আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেছেন- 'রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, চার শ্রেণীর লোকের জন্য আল্লাহ্ তায়ালা এই ফয়সালা দিয়েছেন যে, তিনি তাদের জান্নাতে প্রবেশ করাবেন না আর না সেখানকার কোনো নিয়ামতের স্বাদ তারা আস্বাদন করবে। তারা হলো ঃ (১) মদ্যপানে আসক্ত ব্যক্তি, (২) সুদখোর, (৩) এতিমের সম্পদ আত্মসাতকারী এবং (৪) পিতা-মাতার অবাধ্য সন্তান। *- হাকেম*

৭। সাহাবী আব্দুল্লাহ্ ইবনে মাসউদ (রাঃ) বর্ণনা করেছেন- 'রাসূলুল্লাহ্ (রাঃ) বলেছেন, সুদের ৭৩টি স্তর রয়েছে। তার মধ্যে সর্বাপেক্ষা নিম্নতম স্তরের অপরাধের পরিমাণ হলো মায়ের সাথে জেনায় (ব্যভিচারে) লিপ্ত হওয়ার সমান।

-ইবনে মাজাহ, হাকেম

সুদ সম্পর্কীয় গুনাহকে মায়ের সাথে জেনার সঙ্গে তুলনা সম্পর্কীয় হাদীসসমূহ অত্যন্ত মাসহুর বা সুপরিচিতি। আরো বহু সাহাবী এ সম্পর্কীয় হাদীস বর্ণনা করেছেন। তাদের মধ্যে আছেন সাহাবী হযরত আবু হুরায়রা (রাঃ) (বায়হাকী) হযরত আবদুল্লাহ ইবনে সালাম (রাঃ) (তাবরানী), হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) (বায়হাকী), বারা ইবনে আয়েব (রাঃ) তাবরানী, হযরত আবু হুরায়রা (রাঃ), ইবনে মাজা ও বায়হাকী।

৮। হযরত আব্দুল্লাহ্ ইবনে সালাম (রাঃ) বর্ণনা করেছেন-'রাসূল (সাঃ) বলেছেন, সুদী খাতে কোনো মানুষ যদি এক দিরহামও গ্রহণ করে তাহলে তার অপরাধ ইসলাম গ্রহণের পর মুসলিম থাকা অবস্থায় ৩৩ বার ব্যভিচারে লিপ্ত হওয়ার চেয়েও মারাত্মক। *-তাবরানী*

একই ধরনের হাদীস বর্ণনা করেছেন হযরত কা'বুল আহবার (রাঃ) মাসনাদে আহমদ, আব্দুল্লাহ্ ইবনে হানজালা (রাঃ) ওহুদ শহীদ-মাসনাদে আহমদ, হযরত আনাস বিন মালেক (রাঃ) বায়হাকী, আবদুল্লাহ্ ইবনে আব্বাস (রাঃ)। *-তাবরানী*

৯। হযরত আব্দুল্লাহ্ বিন আবু আওফা (রাঃ) বর্ণনা করেছেন- 'রাসূল (সাঃ) বলেছেন, সুদভিত্তিক মুদ্রা ব্যবসায়ীদের জাহান্নামের খবর পৌঁছে দিও।' *-তাবরানী।*

১০। হযরত আউফ বিন মালেক (রাঃ) বর্ণনা করেছেন- 'রাসূলুল্লাহ্ (সাঃ) বলেছেন, তুমি এমন গুনাহ্ থেকে সর্বদাই আত্মরক্ষা করবে যা কিছুতেই ক্ষমা করা হবে না। এর মধ্যে দ্বিতীয়টি হলো সুদখোর। যে ব্যক্তি সুদ খায় সে হাসরের ময়দানে দিগ্বিদিক জ্ঞানশূন্য মাতাল অবস্থায় উত্থিত হবে।' *-তাবরানী*

১১। হযরত আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেছেন- 'রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, অবশ্য অবশ্যই মানুষ এমন এক যুগে পৌছবে যখন তাদের মধ্যে এমন একজন লোকও খুঁজে পাওয়া যাবে না- সে সুদী কারবারের সাথে (প্রত্যক্ষ বা পরোক্ষ কোনো না কোনো উপায়ে) জড়িত থাকবে না। যদি কোনো লোক সুদের স্পর্শ থেকে আত্মরক্ষা করতে চায়, তার জন্য তা হবে সাধারণ দৃষ্টিতে অসম্ভব প্রয়াস। কিন্তু আত্মরক্ষায় সচেষ্ট থাকতে হবে। *-আবু দাউদ, ইবনে মাজাহ্*

অনুবাদ ঃ এ. জেড. এম. শামসুল আলম

ব্যাংকের উদ্যোক্তাগণ

০১. আলহাজ্ব এ. জেড. এম. শামসুল আলম
০২. আলহাজ্ব হারুন-অর-রশীদ খান
০৩. আলহাজ্ব আহমেদ আলী
০৪. আলহাজ্ব নাজমুল আহসান খালেদ
০৫. আলহাজ্ব মোঃ সাইফুল আলম
০৬. আলহাজ্ব ডাঃ বাহাউদ্দিন মুহাম্মাদ ইউসুফ
০৭. আলহাজ্ব আব্দুল মালেক মোল্লা
০৮. আলহাজ্ব ডাঃ ডি. এম. আমানুল হক
০৯. আলহাজ্ব মোঃ আব্দুল হাদী
১০. আলহাজ্ব মুহাম্মাদ হারুন
১১. আলহাজ্ব মোঃ বাদশা মিয়া
১২. আলহাজ্ব মোঃ এজহার মিয়া
১৩. আলহাজ্ব হাফেজ মোঃ এনায়েত উল্যা
১৪. আলহাজ্ব মোঃ নূরুল হক
১৫. আলহাজ্ব মোঃ আনোয়ার হোসেন
১৬. আলহাজ্ব কাজী মোঃ মফিজুর রহমান
১৭. আলহাজ্ব মীর আহামদ সওদাগর
১৮. আলহাজ্ব মুহাম্মাদ ইয়াহিয়া
১৯. আলহাজ্ব বদিউর রহমান
২০. আলহাজ্ব মুহাম্মাদ মাহতাবুর রহমান
২১. আলহাজ্ব আব্দুল মোক্তাদীর
২২. আলহাজ্ব কাজী আবু কাউছার
২৩. আলহাজ্ব মুহাম্মাদ নওয়াব আলী ভূইয়া

চতুর্থ পরিচালক পর্ষদ

আলহাজ্ব এ. জেড. এম. শামসুল আলম	চেয়ারম্যান
আলহাজ্ব হারুন-অর-রশীদ খান	পরিচালক
আলহাজ্ব আহমেদ আলী	পরিচালক
আলহাজ্ব নাজমুল আহসান খালেদ	পরিচালক
আলহাজ্ব মোঃ সাইফুল আলম	পরিচালক
আলহাজ্ব ডাঃ বাহাউদ্দিন মুহাম্মাদ ইউসুফ	পরিচালক
আলহাজ্ব আব্দুল মালেক মোল্লা	পরিচালক
আলহাজ্ব ডাঃ ডি. এম. আমানুল হক	পরিচালক
আলহাজ্ব মোঃ আব্দুল হাদী	পরিচালক
আলহাজ্ব মুহাম্মাদ হারুন	পরিচালক
আলহাজ্ব মোঃ বাদশা মিয়া	পরিচালক
আলহাজ্ব মোঃ এজহার মিয়া	পরিচালক
আলহাজ্ব হাফেজ মোঃ এনায়েত উল্যা	পরিচালক
আলহাজ্ব মোঃ নূরুল হক	পরিচালক
আলহাজ্ব মোঃ আনোয়ার হোসেন	পরিচালক
আলহাজ্ব কাজী মোঃ মফিজুর রহমান	পরিচালক
আলহাজ্ব মীর আহামদ সওদাগর	পরিচালক
আলহাজ্ব মুহাম্মাদ ইয়াহিয়া	পরিচালক
আলহাজ্ব বদিউর রহমান	পরিচালক
আলহাজ্ব মুহাম্মাদ মাহতাবুর রহমান	পরিচালক
আলহাজ্ব আব্দুল মোক্তাদীর	পরিচালক
আলহাজ্ব কাজী আবু কাউছার	পরিচালক
আলহাজ্ব মুহাম্মাদ ফজলুর রহমান	পরিচালক
আলহাজ্ব আব্দুল আহাদ	ব্যবস্থাপনা পরিচালক

প্রথম শরীয়াহ্ কাউন্সিল

শায়খুল হাদীস মাওলানা আজিজুল হক	চেয়ারম্যান
মাওলানা মুহীউদ্দিন খান	সদস্য
মাওলানা মাহমুদুল হাসান	সদস্য
মাওলানা মুফ্তি আবদুল বারী	সদস্য
মাওলানা ইউসুফ আব্দুল মজিদ	সদস্য
জনাব গাজী শামসুর রহমান	সদস্য
জনাব এ. জেড. এম. শামসুল আলম	সদস্য

নির্বাহীবৃন্দ

ব্যবস্থাপনা পরিচালক

আব্দুল আহাদ

এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট

নূরুল ইসলাম
মতিন উদ্দিন আহমদ বড় ভূইয়া

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

মু. মুবারক হুসেইন
মুহাম্মাদ সিরাজুল ইসলাম ভূঁইয়া
এ. কে. এম. ফজলুল হক
এস. এ. এম. হাবিবুর রহমান

ভাইস প্রেসিডেন্ট

ফয়েজ আহমদ
লুৎফুর রহমান চৌধুরী
গোলাম সরওয়ার
মুঃ তোফাজ্জল হোসেন
মোঃ আনিছুর রহমান
আব্দুল গোফরান
সৈয়দ এমদাদুল হক

সহকারী ভাইস প্রেসিডেন্ট

মুহাম্মাদ মোয়াজ্জম হোসেন
চৌধুরী মোশতাক আহমদ
মুহাম্মাদ মিজানুর রহমান
হাদী ফেরদাউস আহমদ
মুহাম্মাদ মাহতাব হোসেন
মুহাম্মাদ আওকাত আলী
এ. এইচ. এম. মুসা
মোঃ এমদাদুল হক
মোল্লা আলী আহমদ
এ. এইচ. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী
আবদুল হালিম শিকদার
মোঃ আবদুল হক
মোঃ আবদুল জলিল মিয়া
মোঃ নূরুল আবসার

সচিব

মোঃ আনিছুর রহমান

নিরীক্ষক

এম. আহমেদ এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্টস
৭,বঙ্গবন্ধু এভিনিউ
ঢাকা-১০০০।

নিবন্ধনকৃত কার্যালয়

১৬১, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০, বাংলাদেশ।
টেলেক্স ঃ ৬৩২৪০৯ AIBM BJ
ফোন ঃ পিএবিএক্স ৯৫৬৮০০৭, ৯৫৬০১৯৮, ৯৫৬৭৮৮৫, ৯৫৬৭৮১৯
ফ্যাক্স ঃ ৮৮০-২-৯৫৬৯৩৫১
E-mail : alarafah@bangla.net

চতুর্থ বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড-এর চতুর্থ বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত কার্যাবলী সম্পাদনকল্পে আগামী ২৩ আগস্ট, ১৯৯৯ সোমবার সকাল ১১.০০টায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, রমনা, ঢাকায় অনুষ্ঠিত হবে ঃ

আলোচ্যসূচি ঃ

১। ১২ মার্চ, ১৯৯৮ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের তৃতীয় বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।

২। ৩১ ডিসেম্বর, ১৯৯৮ তারিখে সমাপ্ত বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন, নিরীক্ষিত হিসাবপত্র এবং নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।

৩। পরিচালকমন্ডলীর সুপারিশ অনুযায়ী ১৯৯৮ সালের লভ্যাংশ ঘোষণা।

৪। ব্যাংকের আর্টিকেলস্ অব এসোসিয়েশনের আর্টিকেল ৯৮ অনুযায়ী পরিচালকদের অবসরগ্রহণ ও তদস্থলে পরিচালক নির্বাচন এবং আর্টিকেল ১০০ অনুযায়ী অবসরগ্রহণকারী পরিচালকগণ পুনঃনির্বাচনের যোগ্য।

৫। ব্যাংকের আর্টিকেলস্ অব এসোসিয়েশনের আর্টিকেল ৯০.১ অনুযায়ী সাধারণ শেয়ারহোল্ডারদের (গ্রুপ-বি) মধ্যে হতে ২ (দুই) জন পরিচালক নির্বাচন।

৬। ব্যাংকের পরবর্তী বার্ষিক সাধারণ সভার সমাপ্তি পর্যন্ত নিরীক্ষক নিয়োগ এবং তাঁদের পারিশ্রমিক নির্ধারণ।

৭। সভাপতির অনুমতিক্রমে অন্যান্য বিষয়ে আলোচনা।

ব্যাংকের সকল সম্মানিত শেয়ারহোল্ডারকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বোর্ডের আদেশক্রমে,

তারিখ ঃ ০৮ জুলাই, ১৯৯৯

মোঃ আনিছুর রহমান
ভাইস প্রেসিডেন্ট
ও
সচিব

দ্রষ্টব্য ঃ

১. ব্যাংকের শেয়ার ট্রান্সফার রেজিস্টার ০৩-০৮-১৯৯৯ থেকে ২৩-০৮-১৯৯৯ (উভয় দিনসহ) পর্যন্ত বন্ধ থাকবে।

২. সাধারণ সভায় উপস্থিতি ও ভোট প্রদানের অধিকারপ্রাপ্ত কোনো শেয়ারহোল্ডার তাঁর পরিবর্তে সভায় উপস্থিত হওয়া ও ভোট প্রদানের জন্য একজনকে প্রক্সি মনোনীত করতে পারবেন। প্রক্সি ফরম যথাযথভাবে পূরণ করে ৮/- টাকার রেভিনিউ স্ট্যাম্পসহ সভার কমপক্ষে ৪৮ ঘন্টা পূর্বে ব্যাংকের শেয়ার বিভাগে (১২৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০) অবশ্যই জমা দিতে হবে।

৩. সাধারণ শেয়ারহোল্ডারদের মধ্য হতে পরিচালক নির্বাচন সংক্রান্ত নীতিমালা এবং নমিনেশন ফরম ব্যাংকের রেজিস্টার্ড অফিস এবং শেয়ার বিভাগে ১০-০৮-১৯৯৯ তারিখ হতে পাওয়া যাবে। ব্যাংকের শেয়ার বিভাগে মনোনয়নপত্র জমা দেয়ার সর্বশেষ সময় হচ্ছে ১৬-০৮-১৯৯৯ দুপুর ১২টা পর্যন্ত এবং মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ সময় ১৭-০৮-১৯৯৯ দুপুর ১২টা পর্যন্ত। ১৮-০৮-১৯৯৯ দুপুর ১২টার মধ্যে মনোনয়নপত্র বাছাই সম্পন্ন করা হবে। বৈধ প্রার্থীদের তালিকা ১৯-০৮-১৯৯৯ তারিখে ব্যাংকের রেজিস্টার্ড অফিসে/ শেয়ার বিভাগের নোটিশ বোর্ডে দেয়া হবে।

৪. পরিচালক পদের জন্য প্রার্থীর নিজ নামে এজিএম-এর কমপক্ষে ৬ মাস আগে ব্যাংকে রেজিস্টারভুক্ত ন্যূনতম ১০ (দশ)টি দায়মুক্ত শেয়ার থাকতে হবে।

৫. সভাকক্ষের আসন কেবলমাত্র সম্মানিত শেয়ারহোল্ডার/ প্রক্সিহোল্ডারদের জন্য সংরক্ষিত।

পরিচালক পর্ষদের প্রতিবেদন

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম।

সমস্ত প্রশংসা নিখিল জাহানের মালিক আল্লাহ তায়ালার জন্য। শান্তি ও কৃপা বর্ষিত হোক রাসূল মুহাম্মাদ (সাঃ), তাঁর বংশধর ও সাহাবীগণের উপর।

আস্‌সালামু আলাইকুম ওয়া রাহ্‌মাতুল্লাহ,

পরিচালক পর্ষদ আনন্দের সাথে চতুর্থ বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে খোশ আমদেদ জানাচ্ছে এবং ৩১-১২-১৯৯৮ তারিখে সমাপ্ত বছরের আর্থিক বিবরণীসহ ব্যাংকের বার্ষিক প্রতিবেদন আপনাদের সম্মুখে উপস্থাপন করছে।

১. বাংলাদেশের অর্থনৈতিক অবস্থা

অভ্যন্তরীণ সম্পদের মোট প্রবৃদ্ধির (জিডিপি) হার পূর্ববর্তী বছরের ৫.৯ শতাংশ থেকে '৯৭-৯৮ অর্থবছরে ৫.৬ শতাংশে হ্রাস পেয়েছে। কিন্তু শিল্পখাতে প্রবৃদ্ধির হার পূর্ববর্তী বছরের ৩.৫ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৮.১ শতাংশে উন্নীত হয়েছে। তবে কৃষিখাতে প্রবৃদ্ধির হার '৯৬-৯৭ অর্থবছরের ৬.৪ শতাংশ থেকে হ্রাস পেয়ে '৯৭-৯৮ অর্থবছরে ৩.১ শতাংশে দাঁড়িয়েছে। মুদ্রাস্ফীতির হার পূর্ববর্তী বছরের ২.৫ শতাংশের স্থলে ৭ শতাংশে বৃদ্ধি পেয়েছে।

২. ব্যাংকিং সেক্টরে প্রবৃদ্ধির হার

১৯৯৮ সালের শেষ নাগাদ তফসিলী ব্যাংকসমূহের মোট জমার পরিমাণ ৫৮০,৭১৪.৪০ মিলিয়ন টাকায় উন্নীত হয়। পূর্ববর্তী বছরের একই সময়ে এই জমার পরিমাণ ছিল ৫১০,৫৬৯.৬০ মিলিয়ন টাকা। এই ক্ষেত্রে প্রবৃদ্ধির হার ছিল ১৩.৭৪ শতাংশ। অথচ পূর্ববর্তী বছরে এই হার ১০.৫৩ শতাংশ ছিল। অভ্যন্তরীণ মোট ঋণের পরিমাণ ছিল ১৯৯৮ সালের শেষ নাগাদ ৪৭৪,৪১৯.৬০ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরের একই সময়ে এর পরিমাণ ছিল ৪২৬,৩২১.২০ মিলিয়ন টাকা। এই ক্ষেত্রে পূর্ববর্তী বছরের প্রবৃদ্ধির হার ১০.০৭ শতাংশের স্থলে ১১.২৮ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। ১৯৯৭ সালের ডিসেম্বর মাসে দেশে মোট ব্যাংক শাখার সংখ্যা ছিল ৫৯৩০টি। ১৯৯৮ সালের ডিসেম্বর মাসে ৩৬২২টি গ্রামীণ শাখাসহ মোট ব্যাংক শাখার সংখ্যা দাঁড়িয়েছে ৫৯৬৯টিতে।

পুঁজির পর্যাপ্ততার নিয়ম মোতাবেক মোট জমার শতকরা ৬ ভাগের স্থলে বর্তমানে রিস্ক ওয়েটেড পরিসম্পদের ৮ শতাংশ পুঁজি হিসাবে সংরক্ষণ করতে হয়। এর মধ্যে পরিশোধিত মূলধনের পরিমাণ ন্যূনপক্ষে শতকরা ৪ ভাগ এবং সহায়ক মূলধন হিসাবে অবশিষ্টাংশ সংরক্ষণ করতে হয়। ১৯৯৮ সালে ব্যাংক হার (Bank Rate) শতকরা ৮ শতাংশে অপরিবর্তিত ছিল।

৩. ব্যাংকের বিশেষ বৈশিষ্ট্য

ক. ব্যাংকের সকল কার্যক্রম সুদমুক্ত ও ইসলামী শরীয়ার বিধান মোতাবেক পরিচালিত হয়।

খ. হালাল পণ্য ক্রয় বিক্রয় নিশ্চিত করে ব্যবসায়িক পদ্ধতিতে ব্যাংক অর্থায়ন করে থাকে। লাভ লোকসানের অংশীদারিত্বের ভিত্তিতেও ব্যাংক বিনিয়োগ করে। বিনিয়োগ আয়ের একটি নির্দিষ্ট অংশ মুদারাবা জমাকারীদের মধ্যে বন্টন করা হয়। পর্যালোচনাধীন বছরে বিনিয়োগ আয়ের শতকরা ৭০ ভাগ মুদারাবা জমাকারীদের মধ্যে বন্টন করা হয়েছে।

গ. ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমের উপর সর্বদা পর্যাপ্ত তদারকি অব্যাহত রাখা হয় যাতে কোনো বিনিয়োগ খেলাপী হয়ে গিয়ে পরবর্তীকালে বিনিয়োগ আয়ের ব্যত্যয় ঘটাতে না পারে।

ঘ. যেহেতু ব্যাংক সার্বিকভাবে বিনিয়োগ তত্ত্বাবধান করে এবং মুদারাবা ও আল-ওয়াদিয়া নীতিমালার অধীন জমা গ্রহণ করে, সেহেতু গ্রাহকগণ ব্যাংকের সাথে একাত্মতা অনুভব করে এবং তাদের সম্পর্ক ঘনিষ্ঠ হয়।

ঙ. ইসলামী ব্যাংকিং মূলত একটি কল্যাণমুখী ব্যাংকিং পদ্ধতি। ইসলামী ব্যাংক দুস্থ, দরিদ্র ও নিম্ন আয়ের লোকদের অর্থনৈতিক উন্নতির জন্য সহায়তা দিয়ে থাকে। মানব সম্পদ উন্নয়নেও এ ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

চ. ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/ কর্মচারীকে তাদের প্রাত্যহিক জীবনে ইসলামী শরীয়ার নীতিমালাকে অনুসরণ করে চলতে হয়। এ কারণে স্বাভাবিক নিয়মেই তাঁরা গ্রাহকদেরকে উন্নততর সেবা প্রদান করে থাকেন।

৪. মূলধন

ব্যাংকের পরিশোধিত মূলধন ১২৬.৫০ মিলিয়ন টাকা থেকে ২৫৩.০০ মিলিয়ন টাকায় বৃদ্ধি পেয়েছে। ১৯৯১ সালের ব্যাংক কোম্পানী আইন এবং ১৯৯৪ সালের কোম্পানী আইনের বিধান মোতাবেক পরিশোধিত মূলধন বৃদ্ধির উদ্দেশ্যে ১৯৯৮ সালের জুলাই মাসে ব্যাংকের শেয়ার বিক্রির জন্য সাধারণ্যে প্রস্তাব রাখা হয়। শেয়ার ক্রয়ের জন্য প্রায় দ্বিগুণ টাকা জনসাধারণের পক্ষ থেকে জমা পড়ে। এতে ব্যাংকের প্রতি সর্বসাধারণের সার্বিক আস্থা প্রস্ফুটিত হয়।

মূলধন
(মিলিয়ন টাকায়)





৫. জমা

ব্যাংকের জমা ৩১-১২-৯৭ তারিখে ২২৫১.৯৯ মিলিয়ন টাকা থেকে ৩১-১২-৯৮ তারিখে ৪৫৩৪.৭৪ মিলিয়ন টাকায় এসে দাঁড়িয়েছে। সার্বিক ব্যাংকিং সেক্টরে এই ক্ষেত্রে প্রবৃদ্ধির হার ৯.০৭ শতাংশ মাত্র। আমাদের ব্যাংকে পূর্ববর্তী বছরের ৭২ শতাংশ প্রবৃদ্ধির স্থলে পর্যালোচনাধীন বছরে ১০২ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। এতে বুঝা যায়, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক দিনে দিনে জনপ্রিয়তা লাভ করছে এবং জমাদাতারা তাঁদের তহবিল এই ব্যাংকে জমা রেখে ইসলামী ব্যাংকের প্রতি তাঁদের অব্যাহত সমর্থন ও আস্থার বহিঃপ্রকাশ ঘটাচ্ছেন। আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক ইতোমধ্যেই জমা সংগ্রহের উদ্দেশ্যে নিম্নলিখিত প্রকল্পসমূহ চালু করেছে যা দিনে দিনে জনপ্রিয়তা লাভ করছে।

ক. মুদারাবা মেয়াদী সঞ্চয়ী জমা ঃ

এই প্রকল্পাধীনে মাসে ২০০ টাকা, ৩০০ টাকা, ৫০০ টাকা, ১০০০ টাকা, ১৫০০ টাকা এবং ২০০০ টাকা হারে জমা রাখা হয়। এই স্কীমের অধীনে জমার মেয়াদ ৫, ৮, ১০ কিংবা ১২ বছর হয়ে থাকে। মেয়াদান্তে লভ্যাংশসহ জমা উত্তোলন করতে হয়।

খ. মাসিক মুনাফা প্রদান ভিত্তিক ৫ বছর মেয়াদী মুদারাবা জমা ঃ

এই প্রকল্পের অধীনে ৫ বছর মেয়াদের জন্য ১.০০ লাখ, ১.১০ লাখ, ১.২০ লাখ ও ১.২৫ লাখ টাকা কিংবা তার গুণিতক অংকে জমা গ্রহণ করা হয়। পর্যালোচনাধীন বছরে ব্যাংক লাখ প্রতি মাসিক ৯৭৪ টাকা এবং তদুর্ধ জমার জন্য আনুপাতিক হারে মুনাফা প্রদান করেছে। অবশ্য ১৯৯৯ সালের জন্য এই লভ্যাংশের পরিমাণ লাখ প্রতি মাসিক ১১৫০ টাকায় বৃদ্ধি করা হয়েছে। লাখের অধিক অংকের জন্য এর আনুপাতিক হারে মুনাফা প্রযোজ্য হবে। উপরোক্ত হার বছর শেষে হিসাব সমাপ্তির পর সমন্বয় সাপেক্ষ।

গ. মাসিক হজ্ব জমা

মাসিক কিস্তির ভিত্তিতে ১ থেকে ২০ বছর সময়ের জন্য হজ্ব জমা গ্রহণ করা হয়। হিসাবের মালিক এই ধরনের হিসাবে জমা সঞ্চয় করে লভ্যাংশসহ সঞ্চিত অর্থে হজ্ব পালন করতে পারেন।

ঘ. এককালীন হজ্ব জমা

এই প্রকল্পের অধীনে একটা নির্দিষ্ট অংকের হজ্ব জমা নির্দিষ্ট মেয়াদের জন্য গ্রহণ করা হয়। নিয়মমাফিক এই জমার সাথে বছর বছর লভ্যাংশ যুক্ত হতে থাকে। যখনই এই ধরনের জমার মেয়াদ পূর্ণ হয় তখন তদ্বারা জমাদাতা হজ্ব ব্যয় নির্বাহ করতে পারেন। এই প্রকল্পাধীনে অভিভাবকরা তাদের উত্তরাধিকারীদের হজ্ব পালনের জন্যও হিসাব খুলতে পারেন। ব্যাংক এই ধরনের জমার উপর সর্বোচ্চ হারে মুনাফা প্রদান করে।

ঙ. সঞ্চয় বিনিয়োগ জমা

এই প্রকল্পাধীনে মাসিক কিস্তি ভিত্তিতে জমা গ্রহণ করা হয়। নির্দিষ্ট মেয়াদান্তে লাভজনক খাতে বিনিয়োগের উদ্দেশ্যে সহায়ক জামানত ছাড়া জমাদাতাকে তাঁর জমার দ্বিগুণ পরিমাণ বিনিয়োগ প্রদান করা হয়। এই প্রকল্পাধীনে যেকোনো ব্যক্তি তাঁর সঞ্চিত টাকা এবং ব্যাংকের বিনিয়োগ গ্রহণ করে ব্যবসার উদ্যোগ গ্রহণ করতে পারেন।

চ. বিবাহ সঞ্চয় জমা ও বিনিয়োগ প্রকল্প

বিবাহের ব্যয় নির্বাহের জন্য এই ধরনের হিসাবে মাসিক নির্দিষ্ট কিস্তিতে নির্ধারিত সময় পর্যন্ত টাকা জমা রাখতে হয়। গহনা, আসবাবপত্র ইত্যাদি কেনার জন্য ব্যাংক জমার দ্বিগুণ কিংবা ৩০,০০০ টাকার মধ্যে যা বেশী সে পরিমাণ বিনিয়োগ প্রদান করে। বিনিয়োগের জন্য সহায়ক জামানতের প্রয়োজন হয় না।

আকার অনুযায়ী ৩১-১২-১৯৯৮ তারিখে ব্যাংকের জমা নিম্নলিখিত ছকে প্রদর্শন করা গেল ঃ

আকার অনুযায়ী জমা

(মিলিয়ন টাকায়)

আকার		হিসাবের সংখ্যা	পরিমাণ
১	৫০০০	২০৬৪৯	৯১.৮৯
৫০০১	১০০০০	৩৫২৮	৩১.১৮
১০০০১	২৫০০০	৫৯৪৭	১২২.৬৯
২৫০০১	৫০০০০	২২৬৬	৯৬.৩৭
৫০০০১	১০০০০০	১৮৯৪	১৪২.৭৮
১০০০০১	২০০০০০	১৫২০	১৭৫.৯১
২০০০০১	৩০০০০০	৬৬৮	১৪৪.০৮
৩০০০০১	৪০০০০০	৩১৭	৯৬.৯৭
৪০০০০১	৫০০০০০	২০০	৮২.০২
৫০০০০১	১০০০০০০	৪০৭	২৮৫.৮০
১০০০০০১	২৫০০০০০	২৯৬	৪০০.৬৮
২৫০০০০১	৫০০০০০০	৭৯	২৪১.০৩
৫০০০০০১	৭৫০০০০০	১৯	১২৩.৮৪
৭৫০০০০১	১০০০০০০০	২০	১৮১.০০
১০০০০০০১	৫০০০০০০০	১০	৩৯৫.৪৫
৫০০০০০০১	১০০০০০০০০	১৯	১০৬৫.৮২
১০০০০০০০১	এবং উর্ধ্বে	৩	৮৫৭.২৩
	মোট ঃ	৩৭৮৪২	৪৫৩৪.৭৪

৬. বিনিয়োগ

পূর্ববর্তী বছরের ১৭৪৫.৫৪ মিলিয়ন টাকা থেকে বিনিয়োগ বৃদ্ধি পেয়ে পর্যালোচনাধীন বছরে ২২৫৯.৭৬ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। এই ক্ষেত্রে আমাদের প্রবৃদ্ধির হার ৩০ শতাংশ। অথচ সার্বিক ব্যাংকিং সেক্টরে এই প্রবৃদ্ধির হার ছিল ৭.৫৭ শতাংশ মাত্র। দেশের ব্যবসায়-বাণিজ্যে পর্যালোচনাধীন বছরে প্রায় স্থবির অবস্থা বিরাজমান থাকলেও ব্যাংকের বিনিয়োগ হ্রাস না পেয়ে ক্রমাগত বৃদ্ধি পেয়েছে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং সর্বস্তরের কর্মচারীগণের যৌথ নিরলস প্রচেষ্টায় এটা সম্ভব হয়েছে। ব্যাংক নিম্নলিখিত শরীয়াহ্ অনুমোদিত বিভিন্ন পদ্ধতিতে গ্রাহকদেরকে বিনিয়োগ সহায়তা প্রদান করে।



ক. মুরাবাহা

মুরাবাহা পদ্ধতিতে গ্রাহকের ফরমায়েশ মোতাবেক শরীয়াহ্ অনুমোদিত কোনো পণ্য ক্রয় করে লাভসহ গ্রাহকের নিকট বিক্রয় করা হয়। অন্য কথায়, ক্রয় মূল্যের সাথে লভ্যাংশ যোগ করে বিক্রয় করাকে মুরাবাহা বলে। বিনিয়োগ গ্রাহকের ফরমায়েশ মোতাবেক কোনো তৃতীয় পক্ষের কাছ থেকে মাল

কেনা হয়। ক্রয় এবং বিক্রয় মূল্য উভয়ই গ্রাহককে অবহিত করা হয়। মাল ব্যাংকের নিয়ন্ত্রণে থাকে। গ্রাহক ক্রমান্বয়ে অথবা এককালীন পণ্যের মূল্য পরিশোধ করতঃ মালের ডেলিভারী নিয়ে থাকেন।

খ. বাই-মুয়াজ্জেল

বাই-মুয়াজ্জেল বলতে ক্রয় মূল্যের সাথে লভ্যাংশ যোগ করতঃ বাকিতে বিক্রয় করা বুঝায়। এ ক্ষেত্রে পর্যাপ্ত সহায়ক জামানত নিতে হয়। গ্রাহক এবং ব্যাংকের মধ্যে সম্পাদিত নিশ্চিত চুক্তির ভিত্তিতে গ্রাহকের ফরমায়েশ মোতাবেক কোনো তৃতীয় পক্ষের কাছ থেকে মাল কেনা হয়। ব্যাংক মাল স্বীয় অধিকারে আনার পর বাকিতে গ্রাহককে ডেলিভারী দেয়। গ্রাহক নির্ধারিত সময়ের মধ্যে মূল্য পরিশোধ করেন। ক্রমান্বয়ে পরিশোধের ক্ষেত্রে আনুপাতিক হারে বাই-মুয়াজ্জেল হিসাব সমন্বিত হয়।

গ. বাই-সালাম (আগাম ক্রয়)

এই পদ্ধতিতে ব্যাংক কোনো উৎপাদক কিংবা সরবরাহকারীর নিকট থেকে নিশ্চিত চুক্তির ভিত্তিতে মাল ক্রয় করে নেয়। পণ্যের মূল্য আগাম পরিশোধ করা হয় এবং নির্ধারিত ভবিষ্যত কোনো তারিখে ব্যাংক-কে মাল সরবরাহ করা হয়। এই চুক্তিতে মালের পরিমাণ, গুণাগুণ, আকার-আকৃতি, মূল্য, ডেলিভারীর সময় ইত্যাদি সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করতে হয়।

ঘ. ইজারা বিল-বাইয়ি (হায়ার পার্চেস সির্‌কাতুল মিল্‌ক)

ক্রমাগত ব্যবহার করা যায় এমন পণ্য যেমন মোটর গাড়ি, যন্ত্রপাতি ইত্যাদি ব্যাংক এবং গ্রাহক উভয় পক্ষ থেকে পুঁজি যোগানোর মাধ্যমে ক্রয় করতঃ ভাড়ার ভিত্তিতে গ্রাহককে প্রদান করা হয়। উভয়পক্ষের মধ্যে একটি চুক্তি সম্পাদিত হয়। চুক্তির ভিত্তিতে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে গ্রাহক কিস্তিতে ব্যাংকের মূল পাওনা ও ভাড়া পরিশোধ করেন। ব্যাংকের মূল বিনিয়োগের উপর ভিত্তি করে ভাড়া সাব্যস্ত করা হয়। ব্যাংকের মূল বিনিয়োগ যতদিন পরিশোধিত না হচ্ছে ততদিন গ্রাহক পণ্যটির উপর ভাড়া প্রদান করে থাকেন।

ঙ. মুদারাবা

উদ্যোক্তার দক্ষতা ও যথাযথ ব্যবস্থাপনা সম্পর্কে নিশ্চিত হয়ে ব্যাংক গ্রাহককে পুরো মূলধন সরবরাহ করে। ব্যবস্থাপক হিসাবে উদ্যোক্তা ব্যবসা পরিচালনা করেন। উভয় পক্ষ সম্মত হারে লভ্যাংশ নিজেদের মধ্যে বন্টন করে নেয়। কিন্তু লোকসানের পুরো দায়ভার ব্যাংক একাই বহন করে। ব্যাংক যদি ইচ্ছা করে কিংবা প্রয়োজনীয় ক্ষেত্রে এই ধরনের বিনিয়োগ তদারক করতে পারে। কিন্তু সরাসরি ব্যবসা পরিকল্পনা ও ব্যবস্থাপনায় অংশগ্রহণ করতে পারে না।

চ. মুশারাকা

ইসলামী শরীয়াহ্ অনুমোদিত শিরকাত আল ইনান নীতিমালার অধীনে উভয় পক্ষ (ব্যাংক এবং গ্রাহক) পুঁজির যোগান দেয়। লাভ উভয় পক্ষ সম্মত হারে বন্টন করে নেয়। কিন্তু লোকসান পুঁজির আনুপাতিক হারে বহন করতে হয়। ব্যাংক বিনিয়োগের ব্যবহার তত্ত্বাবধান করে এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অংশগ্রহণ করে।

ছ. কর্জ

ব্যাংক বিশেষ বিশেষ ক্ষেত্রে যথাযথ জামানতের বিপরীতে কর্জ বা ঋণ প্রদান করে থাকে। এই ক্ষেত্রে পুঁজির জন্য ব্যয়ের আনুপাতিক হারে সার্ভিস চার্জ আদায় করা হয়।

জ. বিশেষ বিনিয়োগ

আয় বর্ধন কর্মকান্ডসহ অর্থনীতির সকল দিক আওতায় আনার উদ্দেশ্যে নতুন নতুন উদ্ভাবনী স্কীমের মাধ্যমে ব্যাংক বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করছে ও নিবিড়ভাবে তদারক ও পর্যালোচনা করছে। ব্যাংক ইতোমধ্যেই সীমিত আয়ের লোকজন, ক্ষুদ্র ব্যবসায়ী এবং দরিদ্র জনগোষ্ঠীর আয় বর্ধন কর্মকান্ডে অগ্রগতি সাধনের উদ্দেশ্যে নিম্নলিখিত প্রকল্পসমূহ চালু করেছে।

১. কাঙ্ক্ষিত সামগ্রী বিনিয়োগ প্রকল্প।
২. মসজিদ-মাদ্রাসা ভিত্তিক বিনিয়োগ প্রকল্প।
৩. ক্ষুদ্র ব্যবসায় বিনিয়োগ প্রকল্প।
৪. বিশেষ পল্লী বিনিয়োগ প্রকল্প।
৫. পরিবহন বিনিয়োগ প্রকল্প।

খাতওয়ারী আকার অনুযায়ী বিভিন্ন প্রকল্পে বিনিয়োগের কয়েকটি নির্ঘন্ট নিম্নে প্রদান করা গেল ঃ

আকার অনুযায়ী বিনিয়োগ

(মিলিয়ন টাকায়)

আকার		হিসাব সংখ্যা	পরিমাণ	
টাকা	১	৫০০০	১১৫	.৫২
টাকা	৫০০১	১০০০০	২০৫	১.৫৫
টাকা	১০০০১	২৫০০০	৭৪১	১১.১৪
টাকা	২৫০০১	৫০০০০	২৭৫	১১.১৪
টাকা	৫০০০১	১০০০০০	৮৯৫	৪৫.১৯
টাকা	১০০০০১	২০০০০০	২৭৫	৩৩.২০
টাকা	২০০০০১	৩০০০০০	১৯৫	৩৯.১৩
টাকা	৩০০০০১	৪০০০০০	১০৫	৮১.৫৫
টাকা	৪০০০০১	৫০০০০০	১১৫	৪৬.০৮
টাকা	৫০০০০১	১০০০০০০	৯২	৮৮.৭৮
টাকা	১০০০০০১	২৫০০০০০	৫১৫	৪৯০.৫০
টাকা	২৫০০০০১	৫০০০০০০	২২৫	৫১৫.৭৫
টাকা	৫০০০০০১	৭৫০০০০০	৭৫	৩৭৫.১১
টাকা	৭৫০০০০১	১০০০০০০০	৫০	৩৭৫.০০
টাকা	১০০০০০০১	এবং উর্ধ্বে	১০	১৪৫.১২
		মোট ঃ	৩৮৮৮	২২৫৯.৭৬

খাতওয়ারী বিনিয়োগ

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিনিয়োগের খাত	টাকা
১	চিনি	১১৭.৬২
২	সিমেন্ট	১২৫.০৭
৩	ভোজ্য তেল	২৬.১৪
৪	শিশু খাদ্য/ গুঁড়ো দুধ	৭৬.৬৭
৫	রিয়েল এস্টেট	৯.৮১
৬	শিপ ব্রেকিং	১১৫.৩৪
৭	টেক্সটাইল	৬৫.১৪
৮	গার্মেন্টিস	১৮৫.৩২
৯	গোল আলু	২৫.৪২
১০	কাপড়	৫৫.১৪
১১	এম এস রড, সিআই সীট, বিপি সীট	১৯৩.৯১
১২	কয়লা	৪৫.৮৯
১৩	নাইলন ও মনোফিলামেন্ট নেট	১৭.১৩
১৪	রাসায়নিক দ্রব্য	১১৮.৩১
১৫	গম	৬৫.১২
১৬	পি ভি সি রেজিন	৭৪.১২
১৭	ডিটারজেন্ট পাউডার	৪১.৭০
১৮	জিরা	৩৫.৬১
১৯	ফেব্রিক্স ও এক্সেসরিজ	৭৯.৪০
২০	কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী	৩৮.৫০
২১	স্টেপলার/ পিন	৫.১০
২২	সুয়েটার	৬.২০
২৩	ছাতার কাপড় ও ছাতার শিক	১৫.১০
২৪	সার	৬৫.১১
২৫	ইলেকট্রিক ও ইলেকট্রনিক সামগ্রী	৬১.৬২
২৬	নিউজপ্রিন্ট	৭২.১০
২৭	পাওয়ার টিলার	৪৯.০৩
২৮	ফটোস্ট্যাট মেশিন ও টাইপ-রাইটার	১৫.৪০
২৯	মোটর সাইকেল	২৫.৩১
৩০	সিল্ক	৩.৬০
৩১	মোটর গাড়ী	১৮.২০
৩২	চাল	৯.৭১
৩৩	ভিজা খেজুর	১.০১
৩৪	লবণ	৭.৯০
৩৫	ধর্মীয় বই পুস্তক	৭.০৩
৩৬	যন্ত্রপাতি	৫.৮০
৩৭	এয়ারকুলার	৩.৫৫
৩৮	গ্লাসওয়্যার	১৬.৭৭
৩৯	পরিবহন	৫.০৩
৪০	অন্যান্য	৩৫৪.৮৩
	মোট ঃ	২২৫৯.৭৬

কাঙ্ক্ষিত সামগ্রীতে বিনিয়োগ

(মিলিয়ন টাকায়)

ক্রঃ নং	শাখার নাম	হিসাব সংখ্যা	বন্টনের পরিমাণ	পাওনার পরিমাণ
১.	মতিঝিল	৭৪	৪.৫৬৯	২.৮৯
২.	সিলেট	২৯	১.০৪৭	৫.৩৪
৩.	আগ্রাবাদ	১৭৪	৬.৪৬৬	৩.৪৪
৪.	খুলনা	১৩০	৩.৫১৩	১.৯৫
৫.	রাজশাহী	৪৬	২.৪৫৫	১.০৫
৬.	বগুড়া	৪০	১.১৪১	১.৬৫
৭.	বরিশাল	৩৫	১.৬০৪	১.০১
৮.	সাতক্ষীরা	১০৮	২.৬৬২	১.১৬
৯.	নওয়াবপুর রোড	৬	০.৪০৮	০.২৬
১০.	ভি.আই.পি রোড	১	০.০৩৫	০.০২
১১.	এলিফ্যান্ট রোড	১৫	০.৬০৭	০.৩৩
১২.	উত্তরা মডেল টাউন	৩৩	১.৫৩০	১.২১
১৩.	মিরপুর	৭	০.২০২	০.০৩
১৪.	কর্পোরেট শাখা, মতিঝিল	১৪	০.৬৮০	০.৫৬
১৫.	মহাখালী	২৩	০.৭০৯	০.৪৫
	মোট ঃ	**৭০০**	**২৭.৬২৮**	**২১.৩৫**

মসজিদ / মাদ্রাসা ভিত্তিক বিনিয়োগ

(মিলিয়ন টাকায়)

ক্রঃ নংঃ	শাখার নাম	হিসাব সংখ্যা	বন্টনের পরিমাণ	পাওনার পরিমাণ
১.	মতিঝিল	১৬	০.৮৩২	০.৫৩
২.	সিলেট	১১	০.২৯৩	০.১৫
৩.	খুলনা	৯	০.২৫৯	০.১৭
৪.	রাজশাহী	১	০.০২৩	০.০২
৫.	খাতুনগঞ্জ	১১	০.৩২৩	০.২১
৬.	বরিশাল	৫	০.১৬২	০.০৮
৭.	সাতক্ষীরা	১১	০.২৩৫	০.১৪
৮.	নওয়াবপুর রোড	১	০.০২৫	০.০২
৯.	বেনাপোল	৫	০.১৪৬	০.০৯
১০.	ভি.আই.পি রোড	১	০.০১১	০.০১
১১.	এলিফ্যান্ট রোড	১	০.০২৯	০.০২
১২.	মহাখালী	১	০.০২৯	০.০২
১৩.	জিন্দাবাজার	৪	০.১১৭	০.১০
	মোট ঃ	**৭৭**	**২.৪৮৪**	**১.৫৬**

ক্ষুদ্র ব্যবসা বিনিয়োগ প্রকল্প

(মিলিয়ন টাকায়)

ক্রঃ নংঃ	শাখার নাম	গ্রাহকের সংখ্যা	বন্টনের পরিমাণ	পাওনার পরিমাণ
১.	লালদিঘীর পাড়	২২	০.৭২	০.৬৮
২.	বরিশাল	১২	০.৩৫	০.২৭
৩.	বেনাপোল	৩৫	১.২৪	১.১৬
৪.	ভি.আই.পি রোড	৩	০.০৫	০.০৫
৫.	এলিফ্যান্ট রোড	১০	০.২৯	০.২১
৬.	জিন্দাবাজার	২	০.০৭	০.০৬
		৪৮	২.৭২	২.৪৩

৭. বৈদেশিক বাণিজ্য

আলোচ্য বছরে বৈদেশিক বাণিজ্য ব্যাংকের ব্যবসায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ব্যাংকের আয়ের একটা বিরাট অংশ বৈদেশিক বাণিজ্য থেকে এসেছে। ১৯৯৮ সালে ব্যাংক ৫২৭৯.৫০ মিলিয়ন টাকার আমদানী বাণিজ্য পরিচালনা করেছে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল ৩২২৪.৫৬ মিলিয়ন টাকা। এই ক্ষেত্রে প্রবৃদ্ধির পরিমাণ ৬৪ শতাংশ। অপরদিকে, আলোচ্য বছরে ব্যাংক ১১০৩.৩০ মিলিয়ন টাকার রফতানী বাণিজ্য পরিচালনা করেছে, যা পূর্ববর্তী বছরে ছিল ৫৯২.২১ মিলিয়ন টাকা মাত্র। এই ক্ষেত্রে প্রবৃদ্ধির পরিমাণ ৮৬ শতাংশ। আলোচ্য বছরে ব্যাংক ১২৭টির অতিরিক্ত আরো তিনটি ব্যাংকের সাথে এজেন্সি ও Correspondent সম্পর্ক প্রতিষ্ঠা করেছে। এ ছাড়া আরো দশটি (১০) ব্যাংকের সাথে অনুরূপ সম্পর্ক প্রতিষ্ঠার জন্য যোগাযোগ অব্যাহত রয়েছে। বৈদেশিক বাণিজ্য অধিকতর দক্ষতার সাথে পরিচালনার জন্য ১৯৯৮ সালে আন্তর্জাতিক বিভাগকে অধিকতর শক্তিশালী করা হয়েছে।

মূলধন, বিনিয়োগ, বৈদেশিক বাণিজ্য ও মোট আয়



৮. জমার উপর বন্টিত মুনাফা

পূর্ববর্তী বছরের চাইতে আলোচ্য বছরে ব্যাংক জমাদাতাদের মধ্যে অধিক হারে মুনাফা বন্টন করেছে। পূর্ববর্তী তিন বছরের সাথে আলোচ্য বছরে বন্টিত মুনাফার একটি তুলনামূলক হার নীচের নির্ঘন্টে প্রদান করা গেল ঃ

বছরওয়ারী মুনাফার হার

ক্রঃ নং	জমার ধরন	১৯৯৫ সালে বন্টিত মুনাফার হার	১৯৯৬ সালে বন্টিত মুনাফার হার	১৯৯৭ সালে বন্টিত মুনাফার হার	১৯৯৮ সালে বন্টিত মুনাফার হার
১.	১ মুদারাবা সঞ্চয়ী জমা	৬.৩২%	৭.০৩%	৭.৬৯%	৭.৯৮%
২.	০৩ মাস মেয়াদী মুদারাবা জমা	৬.৬৫%	৮.২৫%	৯.০৩%	৯.৩৫%
৩.	০৬ মাস মেয়াদী মুদারাবা জমা	৭.৭৫%	৮.৬২%	৯.৪৪%	৯.৭৭%
৪.	১২ মাস মেয়াদী মুদারাজা জমা	৮.১০%	৯.০০%	৯.৮৫%	১০.২০%
৫.	২৪ মাস মেয়াদী মুদারাবা জমা	৮.২০%	৯.১৯%	১০.০৫%	১০.৪০%
৬.	৩৬ মাস মেয়াদী মুদারাবা জমা	৮.৩০%	৯.৩৮%	১০.২৬%	১০৬২%
৭.	মুদারাবা শর্ট নোটিশ জমা	২.৯৪%	৩.২৮%	৩.৫৯%	৩.৭২%
৮.	মাসিক কিস্তিভিত্তিক হজ্ব জমা	৭.৭৮%	৯.৯৪%	১০.৮৭%	১১.২৭%
৯.	মাসিক কিস্তিভিত্তিক মেয়াদী জমা	৮.৭০%	৯.৮৫%	১০.৭৭%	১১.১৫%
১০.	এককালীন হজ্ব জমা	৯.১৩%	১০.৩২%	১১.৩১%	১১.৬৮%
১১.	মাসিক সঞ্চয়ী বিনিয়োগ জমা	৮.১৩%	৯.১৯%	১০.০৫%	১০.৪১%
১২.	মাসিক মুনাফা প্রদানভিত্তিক মেয়াদী জমা	৮.৪৫%	৯.৫৭%	১০.৪৬%	১১.৬৮%



৯. মুনাফা বন্টন

ব্যাংক ৩১শে ডিসেম্বর ১৯৯৮ তারিখে সমাপ্ত বছরে ৮২.০৬ মিলিয়ন টাকা নীট মুনাফা অর্জন করেছে। ব্যাংকের সার্বিক কার্যক্রমের ফলাফলের সারসংক্ষেপ নিম্নরূপ ঃ

সারসংক্ষেপ

(মিলিয়ন টাকায়)

ক্রঃ নং	বিবরণ	৩১/১২/৯৭	৩১/১২/৯৮
০১.	মোট আয়	১৯৬.১৭	৩২২.৯৮
০২.	বাদ জমার উপর বন্টিত মুনাফা	৭২.৪৮	১৫৪.০৪
০৩.	বাদ বেতন ভাতা ও অন্যান্য খরচ	৫৬.৪৫	৮৬.৮৮
০৪.	মুনাফা	৬৭.২৪	৮২.০৬
০৫.	১৯৯৭ সালের অবন্টিত লাভ	.০৫	১.৬৪
		৬৭.২৯	৮৩.৭০
০৬.	মুনাফা বন্টন টাকা		
ক.	আয়কর	২৬.৯০	২৮.৭২
খ.	বিধিবদ্ধ সঞ্চিতি	১৩.৪৫	১৬.৪১
গ.	প্রদেয় বোনাস শেয়ার/ডিভিডেন্ড	২৫.৩০	৩৭.৯৫
ঘ.	অবন্টিত লাভ	১.৬৪	০.৬২





১০. পরিচালক পর্ষদের সভা

১৯৯৮ সালে পরিচালনা পর্ষদের ১৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। এ ছাড়া নির্বাহী কমিটি ১৭টি সভায় মিলিত হয়েছে। অধিকন্তু অন্যান্য কমিটি (যেমন– রিক্রুটমেন্ট কমিটি) সুনির্দিষ্ট উদ্দেশ্যে প্রয়োজনানুসারে বৈঠকে মিলিত হয়েছে।

১১. পরিচালক নির্বাচন

ব্যাংকের সংঘবিধির ৯৮ বিধি মোতাবেক গ্রুপ 'এ'ভূক্ত ৭ জন পরিচালক (সর্বজনাব ১. আলহাজ্ব এ. জেড. এম. শামসুল আলম ২. আলহাজ্ব ডাঃ ডি. এম. আমানুল হক ৩. আলহাজ্ব মুহাম্মাদ হারুন ৪. আলহাজ্ব বাদশা মিয়া ৫. আলহাজ্ব নুরুল হক ৬. আলহাজ্ব মুহাম্মাদ ইয়াহিয়া ৭. আলহাজ্ব আব্দুল মোক্তাদীর) অত্র সাধারণ সভায় অবসরগ্রহণ করবেন এবং বিধি ১০০ মোতাবেক তাঁরা সকলেই পুনঃনির্বাচনের যোগ্য হবেন। এ ছাড়া সংঘবিধির ৯০.১ বিধি মোতাবেক গ্রুপ 'বি' থেকে ২ জন নতুন পরিচালক নির্বাচিত হবেন।



১২. ডিভিডেন্ড

পরিচালক পর্ষদ ১৯৯৮ সালের জন্য ব্যাংকের শেয়ারহোল্ডারগণকে ১৫ শতাংশ হারে ডিভিডেন্ড প্রদানের জন্য সুপারিশ করেছে। এতে সম্মানিত শেয়ারহোল্ডারগণের সমর্থন প্রয়োজন। তাই অত্র সাধারণ সভায় উহা অনুমোদনের জন্য উপস্থাপিত হয়েছে।

১৩. শাখা সম্প্রসারণ

অধিক সংখ্যক মানুষকে ইসলামী ব্যাংকিং এর আওতায় আনার উদ্দেশ্যে দেশের বিভিন্ন এলাকায় নতুন নতুন শাখা খুলতে ব্যাংক সবিশেষ আগ্রহী। পূর্ববর্তী বছরের শাখা সংখ্যা ২০টি থেকে বৃদ্ধি পেয়ে ৩১-১২-৯৮ তারিখে ৩০টিতে উন্নীত হয়েছে। ইতোমধ্যে ১৯৯৯ সালের মধ্যে সম্ভব সর্বাধিক সংখ্যক শাখা খোলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকে এ ব্যাপারে আবেদন করা হয়েছে এবং বাংলাদেশ ব্যাংকের নীতিগত সম্মতি পাওয়ার সঙ্গে সঙ্গে বিভিন্ন উপযুক্ত স্থানে স্বল্পতম সময়ের মধ্যে শাখা খোলার পদক্ষেপ নেয়া হবে।



১৪. গ্রাহক সেবা

গ্রাহকদেরকে উন্নততর সেবা প্রদান এবং কার্যক্রমে সর্বাধিক দক্ষতা আনয়নের উপর ব্যাংক সবসময় গুরুত্ব দিয়ে আসছে। এতদ্ব্যতীত ব্যাংকের সকল শাখাকে কম্পিউটার সজ্জিত করা হয়েছে।

মতিঝিল শাখার বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্যিক কার্যক্রমও কম্পিউটারাইজড করা হয়েছে। অন্যান্য শাখার বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্যও ধীরে ধীরে কম্পিউটার সজ্জিত করা হবে; যাতে করে গ্রাহকদের আরো উন্নত সেবা প্রদান করা যায়।

১৫. প্রশিক্ষণ ও প্রেষণা

জনশক্তির দৃষ্টিভঙ্গিতে পরিবর্তন আনার এবং দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ ও প্রেষণা অত্যন্ত জরুরী। যেকোনো বাণিজ্যিক ব্যাংকের জন্য প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ জনশক্তি অপরিহার্য এবং মৌলিক শক্তিরূপে কাজ করে। একটি সনাতন সমাজ কাঠামোতে ইসলামী ব্যাংক পরিচালনার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত ও উঁচুমানের অনুপ্রাণিত জনশক্তি অধিকতর প্রয়োজনীয়। এই উদ্দেশ্যে আমরা ব্যাংকিং-এর বিভিন্ন বাস্তব দিক এবং নৈতিক পুনর্গঠনের উপর প্রশিক্ষণ ও প্রেষণা কর্মসূচী বাস্তবায়ন করছি। ১৯৯৮ সালে ১৯টি প্রশিক্ষণ কোর্সে ২১৮ কর্মদিবসে ২৫,০২৮ কর্মঘন্টায় বিভিন্ন স্তরের ৩৬৫ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। পূর্ববর্তী বছরের শেষ পর্যন্ত ২০৩ কর্মদিবসে ২০,২৪২ কর্মঘন্টায় ৪৫৯ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ দানের জন্য যে ২০টি কোর্স পরিচালনা করা হয়েছিল, এই ১৯টি কোর্স তার অতিরিক্ত। অংশগ্রহণকারীগণ উৎসাহ-উদ্দীপনার সাথে এইসব প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন। ট্রেনিং একাডেমী পূর্ববর্তী বছরে সম্পাদিত ও প্রকাশিত "Questions & Answer Book on Banking" পুস্তিকার উন্নয়নের পদক্ষেপ গ্রহণ করেছে। উন্নয়ন কর্ম সম্পন্ন হলে পুস্তিকাটি সাধারণভাবে পাঠকদের এবং বিশেষভাবে ব্যাংকারদের জন্য সহায়ক ও উপকারী হবে। পূর্ববর্তী বছরের মতো প্রতিদিন ব্যাংকের কার্যক্রম শুরু করার পূর্বক্ষণে দরছে কুরআনের অধিবেশন বসে। এ ছাড়াও যোহর এবং আসর নামাজের পর দরছে হাদীস, মাস্আলা-মাসায়েল এবং অনুপ্রাণিতকরণের উদ্দেশ্যে বক্তব্য রাখা হয়। ইহা কর্মকর্তা ও কর্মচারীদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন, জ্ঞান ও দক্ষতার উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে থাকে। খত্মে কুরআন ছাড়াও কুরআনের ছহী পঠনের উদ্দেশ্যে ১৯৯৮ সালের জানুয়ারী থেকে কুরআন শিক্ষা অধিবেশন শুরু হয়েছে। প্রশিক্ষণ ও প্রেষণা কার্যক্রমের ফলে কর্মচারী ও কর্মকর্তাগণের মধ্যে টিম স্পীরিট এসেছে, দক্ষতা বৃদ্ধি পেয়েছে, শৃঙ্খলাবোধ জাগ্রত হয়েছে এবং নৈতিক মূল্যবোধের পুনরুজ্জীবন ঘটেছে। ফলে কর্মকর্তা ও কর্মচারীগণের আচার-আচরণে পরিবর্তন এসেছে। এখন তাঁরা ফরজ ওয়াজিবের পাশাপাশি সুন্নত, মুস্তাহাব পালনেও সচেষ্ট থাকেন। গ্রাহকগণকে মানসম্মত সেবা প্রদানেও ইহা আশাব্যঞ্জক অবদান রেখেছে।

১৬. মানব সম্পদ

